
বিসমিল্লাহির রাহমানির রাহিম

# জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## Jamalpur Science & Technology University




## জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬

উপলক্ষে

# ভাইস-চ্যান্সেলর এর বাণী

৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস'। ২০২৪ সালের এই দিনে ছাত্র-জনতা ঐক্যবদ্ধ আন্দোলনের মাধ্যমে তৎকালীন ফ্যাসিবাদী আওয়ামী সরকারের পতন ঘটিয়ে অন্যায়, বৈষম্য ও নিপীড়নের বিরুদ্ধে প্রতিবাদের এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। ন্যায্য দাবি ও অধিকার প্রতিষ্ঠায় সেদিন জনগণ শেখ হাসিনার ফ্যাসিবাদী শাসনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়েছিল। ২০২৫ সাল থেকে ৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' জাতীয় দিবস ও সরকারি ছুটির দিন হিসেবে পালিত হয়ে আসছে। জুলাই গণঅভ্যুত্থান আমাদের মুক্তিকামী জনগণের আত্মত্যাগ, সাহস ও গণতান্ত্রিক চেতনাকে স্মরণ করিয়ে দেয়। এই গণঅভ্যুত্থান আমাদের শিখিয়েছে—রাষ্ট্রের প্রকৃত শক্তি জনগণের ঐক্য, সাহস, নৈতিকতা ও ন্যায়বোধের মধ্যেই নিহিত। তাই জুলাই গণঅভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে স্বাধীনতা, গণতন্ত্র, মানবিক মর্যাদা এবং বৈষম্যহীন রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রামের এক অবিস্মরণীয় মাইলফলক।

এই গৌরবময় দিবসে আমি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে জুলাই গণঅভ্যুত্থানের বীর শহিদ আবু সাঈদ, ওয়াসিম আকরাম, মীর মাহফুজুর রহমান মুগ্ধসহ আত্মোৎসর্গকারী সকল শহিদকে স্মরণ করছি। তাঁদের অসীম সাহস, দেশপ্রেম ও আত্মত্যাগ বাংলাদেশের ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে। একই সঙ্গে আন্দোলনে আহত, পঙ্গুত্ববরণকারী ও নির্যাতিত সকল সংগ্রামী মানুষের প্রতি জানাই গভীর শ্রদ্ধা ও আন্তরিক সহমর্মিতা। তাঁদের ত্যাগ ও সংগ্রাম আমাদের একটি ন্যায়ভিত্তিক, মানবিক, গণতান্ত্রিক ও বৈষম্যহীন বাংলাদেশ বিনির্মাণে চিরকাল প্রেরণার উৎস হয়ে থাকবে।

একটি বিশ্ববিদ্যালয় কেবল জ্ঞানচর্চার প্রতিষ্ঠান নয়; এটি মুক্তচিন্তা, মানবিক মূল্যবোধ, বিজ্ঞানমনস্কতা এবং দায়িত্বশীল নেতৃত্ব বিকাশের কেন্দ্র। জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিশ্বাস করে-শিক্ষা, গবেষণা, উদ্ভাবন এবং নৈতিকতার সমন্বয়েই গড়ে উঠবে একটি আলোকিত প্রজন্ম; যারা 'সবার আগে বাংলাদেশ' গড়ার আদর্শে ঐক্যবদ্ধ হয়ে দেশ ও জাতির কল্যাণে নেতৃত্ব দেবে। আমাদের শিক্ষার্থীরা যেন সত্য, সততা, দেশপ্রেম, সহনশীলতা এবং সামাজিক দায়বদ্ধতার চেতনায় উদ্বুদ্ধ হয়ে জাতি গঠনে অগ্রণী ভূমিকা পালন করে—এটাই আমাদের প্রত্যাশা।

জুলাই গণঅভ্যুত্থানের চেতনা আমাদের বিভাজন নয়, বরং ঐক্য; প্রতিহিংসা নয়, বরং ন্যায়বিচার; হতাশা নয়, বরং আশাবাদ; এবং সংকীর্ণতা নয়, বরং মানবিক ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণের শিক্ষা দেয়। আজকের এই দিনে আমরা দৃঢ় প্রত্যয়ে অঙ্গীকার করি—সুশাসন, জবাবদিহিতা, আইনের শাসন, মানবাধিকার, বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, সম্প্রীতি ও সহনশীল মূল্যবোধ ধারণ করে একটি সমৃদ্ধ, আধুনিক ও উন্নত বাংলাদেশ গঠনে নিজ নিজ অবস্থান থেকে সর্বোচ্চ অবদান রাখবো। মহান আল্লাহ তাআলা আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশকে শান্তি, সমৃদ্ধি ও কল্যাণে পরিপূর্ণ করুন।

মহান রাব্বুল আলামিন আমাদের সহায় হোন।

০৪ আগস্ট ২০২৬

প্রশাসনিক ভবন
জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(প্রফেসর ড. মোঃ আমির হোসেন)
ভাইস-চ্যান্সেলর

